

নিয়োগ বিজ্ঞপ্তি- খুপ্রবি/সওপ্র/৫৬৯/১১০, তারিখঃ ১১/০৯/২০২৪ বিষয়ক সাধারণ নির্দেশনা

- সকল পদের জন্য আগ্রহী প্রার্থীদের আবেদন করার জন্য অনলাইনে বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট career.kuet.ac.bd এ আবেদন ফরম পূরণের প্রক্রিয়া অনুসরণ পূর্বক আগামী ০৭/১০/২০২৪ ইং রাত ১১:৫৯ মিনিটের মধ্যে অনলাইনে আবেদন ফর্ম পূরণ এবং
 - ক) ছবি ও স্বাক্ষর সম্বলিত পূরণকৃত ফর্ম
 - খ) নির্ধারিত ফিস অনলাইন পেমেন্ট গেটওয়ের মাধ্যমে প্রদান করে টাকা জমা দেওয়ার রশিদ
 - গ) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সকল সনদপত্রের সত্যায়িত কপি,
 - ঘ) জাতীয় পরিচয়পত্র এর সত্যায়িত কপিজমা দিতে হবে।
- আবেদনপত্র প্রেরণ করার সময় যে পদে আবেদন করতে ইচ্ছুক সে পদের ক্রমিক নম্বরসহ নাম অবশ্যই খামের উপর উল্লেখ করতে হবে।
- আবেদন দাখিল করার পর ক্রমিক নং- ১ ও ২ নং পদের জন্য ১০ সেট প্রিন্ট কপি, ক্রমিক নং- ৩ থেকে ৬ নং পদের জন্য ৬ সেট প্রিন্ট কপি আগামী ০৮/১০/২০২৪ ইং তারিখ বিকাল ৫-০০ টার মধ্যে রেজিস্ট্রার দপ্তরে জমা দেয়া যাবে বা পৌছাতে হবে। ডাক বিভাগের বিলম্বের জন্য কর্তৃপক্ষ দায়ী থাকবে না।
- এন্ট্রি পদে নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা সর্বনিম্ন ১৮ (আঠার) বৎসর এবং সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বৎসর হতে হবে। তবে মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়স ৩২ বৎসরের উর্ধে নয় (কর্মচারীদের ক্ষেত্রে)। এ ছাড়া অধিকতর যোগ্যতা সম্পন্ন এবং অত্র বিশ্ববিদ্যালয়ে কর্মরত বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য (বয়স হিসাবের জন্য আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখ গণনা করা হবে)।
- কর্মকর্তা ও কর্মচারী পদের শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে ওয় শ্রেণী/বিভাগ বা সমমানের গ্রেড গ্রহণযোগ্য হবে না। তবে, বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা (বিভাগ/শ্রেণী) শিথিলযোগ্য।
- প্রাতিষ্ঠানিক অভিজ্ঞতা বলতে কোন সরকারী/ আধা সরকারী/ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের অভিজ্ঞতাকে বোঝাবে। এ ছাড়াও সরকার অনুমোদিত কোন বেসরকারী বিশ্ববিদ্যালয় অথবা সমমানের প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে পূর্ণকালীন চাকুরী করার সময়কালের অর্ধেক সময়কালকে অভিজ্ঞতা হিসেবে গণ্য করা হবে। এমপিও (MPO) ভুক্ত কোন প্রতিষ্ঠানের চাকুরী গণনাযোগ্য হবে না।
- জনপ্রশাসন মন্ত্রণালয় এর গত ৩০/০৬/২০১৯ ইং তারিখের ০৫.০০.০০০০.১৭০.২২.০৬২.১৩-১৫২ নং স্মারক মোতাবেক মুক্তিযোদ্ধা কোটা সংরক্ষণের বিষয়ে উক্ত মন্ত্রণালয়ের নির্দেশনা অনুসরণ করা হবে।
- অনলাইন আবেদনের সাথে জাতীয় বেতন স্কেল-২০১৫ এর গ্রেড-৯ বা তদুর্ধ্ব পদের জন্য ১০০০/- (এক হাজার) টাকা অনলাইন পেমেন্ট গেটওয়ের মাধ্যমে প্রদান করতে হবে।
- নিয়োগ বিজ্ঞপ্তির শূন্য পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে, এর ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।